



মনোনয়নপত্র দাখিলের সাধারণ নিয়মাবলীঃ-

- ১। ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের সকল মনোনয়নপত্র আবশ্যিকভাবে **Online** এ জমা দিতে হবে। অর্থাৎ নির্বাচন অফিস হতে মনোনয়নপত্র গ্রহণ বা দাখিল করার প্রয়োজন নেই, শুধুমাত্র মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের দিনে রিটার্নিং অফিসারের নিকট প্রয়োজনীয় সকল দলিলসহ জমা দিতে হবে;
- ২। নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বামপাশে নোটিশ বোর্ডে প্রাপ্ত “**অনলাইনে মনোনয়নপত্র দাখিল**” লিংকে প্রবেশ করে নির্বাচনের ধরণ উল্লেখ করে পদ, বিভাগ, জেলা, উপজেলা, জন্ম তারিখ, NID, মোবাইল নম্বর, E-mail id দিয়ে Registration বোতাম চাপলে প্রার্থীর Live Fac Recognition দিয়ে নিবন্ধন শেষ করতে হবে। এরপর নিবন্ধন শেষে প্রত্যেক প্রার্থীকে একটি ID ও Password প্রদান করা হবে। এরপর এই ID ও Password ব্যবহার করে পর্যায়ক্রমে Online Nomination Paper পূরণ, প্রয়োজনীয় দলিল পত্র সংযুক্ত করে **Submit** করে এক কপি প্রিন্ট করে নিতে হবে;
- ৩। অনলাইন মনোনয়নপত্র দাখিলের সময় **প্রার্থী, প্রার্থীর প্রস্তাবকারী ও সমর্থনকারীকে** স্ব স্ব NID কার্ডসহ স্বশরীরে উপস্থিত থাকতে হবে। সবার **Face Recognition** করে মনোনয়নপত্রের সংশ্লিষ্ট অংশ পূরণ করতে হবে;
- ৪। Online Nomination Paper পূরণ করতে প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকে NID No ও ভোটার নম্বর (১২ সংখ্যা বিশিষ্ট) প্রয়োজন হবে। এজন্য পূর্বেই উপজেলা নির্বাচন অফিস থেকে নির্ধারিত ফি জমা দিয়ে সর্বশেষ ভোটার তালিকার CD সংগ্রহ করতে হবে। উল্লিখিত তিনজনের সংশ্লিষ্ট পাতা প্রিন্ট করে নিয়ে দেখে দেখে অত্যন্ত সতর্কতার সাথে এই তথ্যগুলি পূরণ করতে হবে;
- ৫। **আয়করঃ-** আয়কর আইন, ২০২৩ অনুযায়ী দাখিলকৃত আয়কর রিটার্নের প্রত্যয়িত অনুলিপি এবং রিটার্ন দাখিলের প্রমাণপত্র স্ক্যান করে pdf আকারে সংযুক্ত করতে হবে এবং হার্ডকপির সাথে জমা দিতে হবে;
- ৬। **হলফনামাঃ-** তিনশত (৩০০/-) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প প্রয়োজনীয় তথ্য সম্বলিত হলফনামা Online এ Entry করে pdf আকারে সংযুক্ত করতে হবে এবং হার্ডকপির সাথে জমা দিতে হবে;
- ৭। **জামানতঃ-** চেয়ারম্যান পদে – ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং ভাইস চেয়ারম্যান পদে – ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে “১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১” কোডে জমা করে pdf আকারে কপি সংযুক্ত করতে হবে ও মূলকপি হার্ডকপির সাথে জমা দিতে হবে। এছাড়া Online System এ Mobile Banking দ্বারাও জামানত জমা দেওয়া যাবে;
- ৮। **ভোটার তালিকার CD ক্রয়ঃ-** ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয় বাবদ **উপজেলার মোট ইউনিয়ন প্রতি ৫০০ হারে ও পৌরসভার ওয়ার্ড প্রতি ৫০০ টাকা হারে মোট টাকা** ট্রেজারী চালানের কোড নং “১-০৬০১-০০০১-২৬৩১” (পুরাতন কোড) অথবা “১০৬-০১০১-১০০১২৫-১৪২৩২৫৩” (নতুন কোড) জমা করে উক্ত চালানের মূলকপি উপজেলা নির্বাচন অফিসে জমা দিয়ে ভোটার তালিকার CD ক্রয় করতে হবে। এই চালানের ফটোকপি Online Nomination Submission এর সময় pdf আকারে সংযুক্ত করতে হবে;
- ৯। নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য যেকোন বাণিজ্যিক ব্যাংকে **নতুন একাউন্ট** খুলতে হবে। চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান উভয় প্রার্থী অনধিক **২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ টাকা)** পর্যন্ত ব্যয় করতে পারবেন। সমুদয় ব্যয় এই ব্যাংক একাউন্ট হতে করতে হবে;
- ১০। প্রার্থীর সম্ভাব্য আয়ের উৎস ও ব্যয়ের বিবরণী (ফরম-৮) অনলাইনে সঠিকভাবে এন্ট্রি করতে হবে ও সংযুক্ত করতে হবে;
- ১১। **হার্ড কপি জমাদানঃ-** অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র মুদ্রণ করে প্রার্থী, প্রস্তাবকারী, সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরপূর্বক প্রয়োজনীয় দলিলাদি (হলফনামা, জামানত হিসেবে জমাকৃত অর্থের মূল ট্রেজারী চালান, ভোটার তালিকার সিডি ক্রয় বাবদ জমাকৃত অর্থের ট্রেজারী চালানের ফটোকপি, দুই কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, সর্বশেষ আয়বর্ষে দাখিলকৃত আয়কর রিটার্নের প্রত্যয়িত অনুলিপি ও আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র, প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর NID কপি ও ভোটার তালিকার সংশ্লিষ্ট পৃষ্ঠার মুদ্রিত কপি, রাজনৈতিক দলের মনোনিত প্রার্থী হলে তার প্রমাণপত্র, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ইত্যাদি) সংযুক্ত করে মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের পূর্বেই রিটার্নিং অফিসারের নিকট সকল **কাগজের মূল কপি ০১ (এক) সেট এবং A4 Size কাগজে ০২ (দুই) সেট ফটোকপি জমা দিতে হবে;**